The Bangladesh Observer

তারিখ ... 14 MAR 1989
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 1 ...

ডকুমেন্টেশন কেন্দ্র

023

## পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন ঃ ৫০১২৯৮, ৫০৩৮১১, ৫০৫১৬১-৬৫/৩২৫

# ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে ভর্তির বিজ্ঞপ্তি

(ক) ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে মাস্টার অব ডিমোগ্রাফি কোর্সের প্রথম বর্ষে ভর্তির জন্য ইনস্টিটিউটের অফিসে প্রাপ্তব্য বা নির্ধারিত ফরমে আবেদনপত্র ১৫ই মার্চ হইতে ২৫শে মার্চ, ১৯৮৯ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে গ্রহন করা হইবে। ১৯৮৫, ১৯৮৬, ও ১৯৮৭ সনের স্নাতক অথবা সম্মানসহ স্নাতক পরীক্ষায় যাহারা উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক অথবা সম্মানসহ স্নাতক পরীক্ষায় যে কোন দুইটিতে অন্ততঃ দ্বিতীয় বিভাগ/ শ্রেণী পাইয়াছে কেবল তাহারাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করিতে পারিবে। তবে ইহা ছাড়াও ১৯৮৫, ১৯৮৬ ও ১৯৮৭ সনের সম্মানসহ স্নাতক পরীক্ষায় যাহারা পাশ ডিগ্রী পাইয়াছে তাহাদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উভয় ক্ষেত্রে অন্ততঃ দ্বিতীয় বিভাগ অথবা একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে তৃতীয় বিভাগ থাকিলে তাহারাও ভর্তির জন্য আবেদন করিতে পারিবে এবং তাহাদেরকেও অন্যান্যদের সাথে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

(খ) ১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে সিনিয়ার সার্টিফিকেট ইন স্ট্যাটিসটিকস কোর্সে ভর্তির জন্য ইনস্টিটিউটের অফিসে প্রাপ্ত বা নির্ধারিত ফরমে আবেদনপত্র ১৫ই মার্চ হইতে ২৫শে মার্চ, ১৯৮৯ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে গ্রহণ করা হইবে। ১৯৮৫, ১৯৮৬ ও ১৯৮৭ সনের স্নাতক পরীক্ষায় যাহারা গণিত শাস্ত্রে কমপক্ষে ৪০% নম্বর পাইয়া উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক পরীক্ষায় যে কোন দুইটিতে অন্ততঃ দ্বিতীয় বিভাগ পাইয়াছে কেবল তাহারাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করিতে পারিবে। তবে ইহা ছাড়াও ১৯৮৫, ১৯৮৬ এবং ১৯৮৭ সনের সম্মানসহ স্নাতক পরীক্ষায় যাহারা গণিত শাস্ত্রে কমপক্ষে ৪০% নম্বর পাইয়া 'পাশ' ডিগ্রী পাইয়াছে তাহাদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উভয় ক্ষেত্রে অন্তঃত দ্বিতীয় বিভাগ অথবা একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে তৃতীয় বিভাগ থাকিলে তাহারাও ভর্তির জন্য আবেদন করিতে পারিবে এবং তাহাদেরকেও অন্যান্যদের সাথে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

ইনস্টিটিউট কর্তৃক ভর্তি পরীক্ষার সময়সূচী যথাসময়ে নোটিশ বোর্ডে টানাইয়া দেওয়া হইবে। ১০০ নম্বরের একটি লিখিত ভর্তি পরীক্ষা গ্রহণ করা হইবে এবং উক্ত পরীক্ষায় ৩০ নম্বরের কম পাইলে কোন আবেদনকারীকে ভর্তির জন্য নির্বাচিত করা হইবেনা। আবেদনকারীদের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং স্নাতক/সম্মানসহ স্নাতক পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও লিখিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈয়ার করা হইবে এবং মেধার ভিত্তিতে নির্ধারিত আসনে ভর্তির জন্য নির্বাচন করা হইবে। প্রত্যেক আবেদনকারীকে ভর্তি পরীক্ষার ফী বাবদ নিম্নস্বাক্ষরকারীর অফিসে ২৫ (পঁচিশ) টাকা জমা দিতে হইবে।

উপরোক্ত কোর্সসমূহে ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর অফিস হইতে জানা যাইবে।

ডঃ মোঃ হুমায়ুন কবীর
পরিচালক

জিসি—৮৪৩৩